ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০০৭ ● কলকাতা ● ২১ পৌষ, ১৪৩০ ● রবিবার ● ০৭ জানুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ২ টাকা



মাধুরীর রাজনীতিতে যোগদানের গুঞ্জন

পৃঃ ৫



টেস্ট ক্রিকেট টিকিয়ে রাখতে কী বলছেন কামিন্স-রোহিত

পৃঃ ৬

## বাংলায় মার খাওয়া ইডি কর্তা

## হেনস্থার মুখে পড়েছেন অন্য রাজ্যে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালির সরবেড়িয়ায় তৃণমূল নেতা শাহজাহান শেখের বাড়িতে তল্লাশি অভিযানে। তল্লাশি তো চালাতে পারেনইনি, বরং স্থানীয় বাসিন্দা এবং শাহজাহান অনুগামীদের কাছে ব্যাপক মারধর খেতে হয়েছে তাঁকে এবং তাঁর সহকর্মীদের। মাথাও ফেটেছে। তবে এই প্রথম নয়। মারমুখী জনতার রোষে পড়ে আহত সেই ইডি কর্তা রাজকুমার রাম এর আগেও তল্লাশি অভিযানে গিয়ে হেনস্থার শিকার হয়েছেন ।ইডি তাদের প্রেস বিবৃতিতে স্পষ্ট করেছে, এই হামলায় তৃণমূল নেতা শাহজাহান এবং তাঁর ঘনিষ্ঠরাই উস্কানি দিয়েছেন বলে সন্দেহ তাঁদের। একই সঙ্গে ইডি এ-ও জানিয়েছে যে, গ্রামবাসীদের ভিড় এতটাই হিংস্র ছিল যে, তাঁদের দেখে মনে হচ্ছিল, তাঁরা রাজকুমারদের প্রাণেও মারতে পারেন। প্রাণে বাঁচাতেই নিজেদের কর্তব্য অসম্পূর্ণ রেখে ওই এলাকা ছেড়ে বেরিয়ে আসতে বাধ্য হন রাজকুমার এবং তাঁর সহকর্মীরা।

পরে রাজকুমার-সহ তিন জন আহত ইডি আধিকারিককে সল্টলেকের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করানো হয়। ইডি সূত্রে জানা গিয়েছে, রাজকুমারের মাথায় পাঁচ-ছ'টি সেলাই পড়েছে। স্ক্যান করানো হয়েছে। তিনি এখন হাসপাতালের এইচডিইউ বিভাগে ভর্তি। বাকি দুই ইডি আধিকারিক অঙ্কুর এবং

এরপর ৩ পাতায়

## ভোট ঘোষণা হলেই এদের রাজ্যছাড়া করব?

# এবার কাদের হুঁশিয়ারি দিলেন শুভেন্দু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচন ঘোষণা হলেই রাজ্যছাড়া করা হবে একাধিক পুলিশ আধিকারিককে। শনিবার পুরুল্যার ঝালদায় এক দলীয় সভায় এমনই হুঁশিয়ারি দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বললেন, এবারের ভোট কেমন হয় দেখতে থাকুন ।এদিন বিধানসভা ভোটে পুরুল্যায় বিজেপির আশানুরূপ ফল না হওয়ায় তৃণমূলের বিভাজনের রাজনীতিকে দোষেন শুভেন্দু। বলেন, 'কুড়মিদের সঙ্গে অন্যদের বিবাদ লাগিয়েছে তৃণমূল। আমরা কুড়মি আন্দোলনের বিরোধিতা করিনি। কিন্তু মানুষের যাতে সমস্যা না হয় সেটা দেখতে বলেছি। আর তৃণমূলের ফাঁদে পা দিয়ে কুড়মিরা নিজেদের সমাজের কথায় ভোট দিলেন। ওদিকে তৃণমূলি কুড়মি নেতারা কিন্তু নিজেদের দলকেই ভোট দিয়েছেন। এর ফলে চাল চোর, চাকরি চোরেরা কয়েক জায়গায় জিতে গেল।' তিনি আরও বলেন, 'মমতার হাতে এমনিতেই, শওকত, আরাবুল, শাহজাহান মডেল রয়েছে। তার ওপরে জনজাতিদের মধ্যে বিভাজন করতে পারলে তার পোয়া বারো।' এদিনের সভায় ভিড় ছিল দেখার মতো ।এদিন শুভেন্দুবাবু বলেন, 'এখানে অভিজিত বলে একজন ভাইপোর এসপি এসেছে। সিবিআইয়ের রিপোর্ট বলছে এই ভাইপোর এসপি উত্তর ২৪ পরগনা সীমান্তে গরুপাচারে যুক্ত ।চোর নারায়ণ গোস্বামী ও বালু মল্লিকদের তৈরি করা বেশ কিছু পুলিশ অফিসার এই জেলায় এসেছে। তার মধ্যে সন্দেশখালির যিনি ওসি ছিলেন, যার আমলে এই দেশদ্রোহী শাহজাহান শেখ তৈরি হয়েছে'।

শাহজাহান শেখকে শুভেন্দুর হুঁশিয়ারি, 'কোথায় পালাবেন? বাংলাদেশে গেছেন? বরিশাল? আপনার সঙ্গে জুনেইল খান

এরপর ৩ পাতায়


## কোথায় সন্দেশখালির দাপুটে তৃণমূল নেতা


## শাহজাহান শেখ? লুকআউট নোটিশ জারি করেছে ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোথায় সন্দেশখালির দাপুটে তৃণমূল কংগ্রেস নেতা শাহজাহান শেখ? তদন্তকারীদের একাশের দাবি সন্দেশখালির তৃণমূল কংগ্রেস নেকা গা-ঢাকা দিয়েছে বাংলাদেশে। আর সেই কারণেই ইতিমধ্যেই সীমান্তবর্তী এলাকায় কড়া নিরাপত্তা জারি করা হয়েছে। অন্যদিকে বিএসএফকে ও সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। ইডি তৃণমূল কংগ্রেস নেতা শাহজাহান শেখের বিরুদ্ধে ইতিমধ্যেই লুকআউট নোটিশ জারি করেছে ।ইডি এই হামলার ঘটনায় একটি বিবৃতিও জারি করেছিল। কেন্দ্রীয় সংস্থা বলেছে, রেশন দুর্নীতির সঙ্গে জড়িত তৃণমূল কংগ্রেস নেতা শাহজাহান শেখের তিনটি সম্পত্তিতে তল্লাশি করা করা হচ্ছিল। সেই সময়ই জনতা তাদের ওপর হামলা চালায়। বিবৃতিতে বলা হয়েছে হামলাকারী জনতা তাদের ফোন, ল্যাপটপ, নগদ টাকা ও মানিব্যাগ ছিনিয়ে নিয়েছে। কেন্দ্রীয় এজেন্সির গাড়িতেও ভাঙচুর করা হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে এলাকার ৮০০-১০০০ জন তাদের খুন করার উদ্দেশ্যেই জড়ো হয়েছিল। এই ঘটনায় এফআইআর দায়ের করা হবে বলেও দাবি করেছে ইডি ।রেশন কেলেঙ্কারির সঙ্গে যুক্ত বলেও দাবি করছে ইডি। অন্যদিকে আইবি ও

এরপর ৩ পাতায়



## নতুন রূপে সেজে উঠেছে

# হরিশ্চন্দ্রপুরের ডিয়ার পার্ক



**আমিরুল ইসলাম, নিউজ সারাদিন, হরিশ্চন্দ্রপুর, মালদহ :** নতুন বছরে নতুন করে হরিশ্চন্দ্র পুর ডিয়ার পার্ক। শীতের মরশুম পড়তেই ভিড় করেন বহু সাধারণ মানুষ। এমনকি মালদহের হরিশ্চন্দ্রপুরের বারদুয়ারীতে অবস্থিত এই পার্কে জেলার বাইরে থেকেও বহু পর্যটক ঘুরতে আসেন। মালদহের হরিশ্চন্দ্রপুর ২ নম্বর ব্লকের প্রত্যন্ত এলাকা বারদুয়ারি। এখানেই ব্লক প্রশাসন ও পঞ্চায়েত সমিতির উদ্যোগে তৈরি করা হয়েছে ডিয়ার পার্ক। দিনের পর দিন এই পার্কের চাহিদা বাড়ছে সাধারণের মধ্যে। কারণ এখানে রয়েছে প্রায় ৩০ টি হরিণ, বিভিন্ন প্রজাতির দেশি-বিদেশি পাখি, খরগোশ । এছাড়াও শিশুদের বিনোদনের জন্য নানান ধরনের খেলার সামগ্রী, পার্কের মধ্যে রয়েছে একটি পুকুর সেখানে বোটিং করার সুব্যবস্থা রয়েছে। এত কিছু টানে মানুষ এখানে ভিড় করেন। মূলত শিশুদের খেলা ঘোরার জন্য একেবারে আদর্শ জায়গা।

বারদুয়ারী পার্কে প্রবেশ মূল্য মাত্র ১০ টাকা। সারা বছর বহু মানুষ এখানে আসেন। তবে শীতের মরশুমে ভিড় উপচে পড়ছে। সাধারণ মানুষের ভিড় বাড়তে থাকায় ব্লক প্রশাসনের পক্ষ থেকে আরও সৌন্দর্যায়ন বৃদ্ধি করা হচ্ছে এই পার্কের। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, নতুন করে এখানে একটি সেলফি জন তৈরি করা হচ্ছে। যেখানে লেখা থাকবে আই লাভ ইউ হরিশ্চন্দ্রপুর ২। এছাড়াও শিশুদের বিনোদনের জন্য আরও বেশি করে খেলনা বসানো হচ্ছে। বিভিন্ন পশুদের বড় বড় মডেল তৈরি করা হবে পার্কের ভেতরে। পুকুরে আরও বেশি করে নৌকাবিহার করার জন্য বোট তৈরি করা হচ্ছে।

এই পার্কের আশেপাশে জেলা ও জেলার বাইরে থেকে বহু মানুষ পিকনিক করতে আসেন। ডিসেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত মানুষ এখানে বেশি ভিড় করেন। তবে পার্কের মধ্যে কোনরকম পিকনিক করা যায় না। দিনভর এখানে ঘোরা যায় মনোরম পরিবেশে। আশেপাশে সাধারণ মানুষ পিকনিক করে থাকেন আর এই পার্কে ঘুরে যান। এখন থেকে ভিড় বাড়ছে তাই এই পার্কে আরও সুন্দর করে সাজানোর কাজ দ্রুত গতিতে শেষ করার পরিকল্পনা নিয়েছে কর্তৃপক্ষ।

## সোনার দোকানের ডাকাতির ঘটনায়

# আরও একজন গ্রেপ্তার



**চাচল, মালদা : নিউজ সারাদিন** : চাঁচলে সোনার দোকানে ডাকাতির ঘটনায় লিংক ম্যানের গ্রেফতারের পর ডাকাত দলের মধ্যে আরও একজনকে ঝাড়খণ্ড থেকে গ্রেফতার চাঁচল থানার পুলিশ। চাঁচলে সোনার দোকানের ডাকাতি ঘটনায় লিংক ম্যানের গ্রেফতারের পর ডাকাত দলের মধ্যে আরও একজনকে ঝাড়খণ্ড থেকে গ্রেফতার করে চাঁচল থানার পুলিশ। ধৃত যুবকের নাম দীপক কুমার দাস(২৪)।পঁচিশে ডিসেম্বর বড়দিনে ঘটেছিল সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতি।ঘটনার ১৫ দিন পর ঝাড়খণ্ড থেকে গ্রেফতার করল চাঁচল থানার পুলিশ। পুলিশের প্রাথমিক জিজ্ঞাসাবাদে ওই যুবক ডাকাতিতে সাথে জড়িত থাকার কথা স্বীকার করেন। গ্রেপ্তারের পর শনিবার দিন চাঁচল থানার পুলিশ ওই যুবক কে চাঁচল মহকুমা আদালতে পেশ করে এবং তদন্তের স্বার্থে ১৪ দিনের পুলিশি হেফাজতের আবেদন করেছেন পুলিশ বলে সূত্রের খবর । জিজ্ঞাসাবাদ করে বাকিদের সম্পর্কে তথ্য পাওয়া যাবে বলে মনে করছেন তদন্তকারী পুলিশ কর্তারা।

## সিটিএমএ মেগা কেবল টিভি শো ২০২৪

# কলকাতায় প্রদর্শনীর মাধ্যমে রজত জয়ন্তী বর্ষ উদযাপন করবে



**5th January, Kolkata, 2024 : নিউজ সারাদিন :** ভারত এবং সার্ক অঞ্চলে ডিজিটাল কেবল টেলিভিশন, ব্রডব্যান্ড এবং ওটিটি-এর বৃহত্তম ট্রেড শো গুলোর মধ্যে একটি কলকাতার ২৫ তম মেগা প্রদর্শনী কেবল টিভি শো ২০২৪ - ৯ থেকে ১১ জানুয়ারী, ২০২৪, বিশ্ব বাংলা মেলা প্রারং (মিলন মেলা), কলকাতায় রজত জয়ন্তী বছর উদযাপন করবে ২০২৩ সালে ভারতীয় সম্প্রচার এবং কেবল টিভি বাজারের মূল্য US$১৩.৬১ বিলিয়ন এবং ২০২৯ সাল পর্যন্ত বার্ষিক বৃদ্ধির হার ৭.৮৫ শতাংশ নিবন্ধন করার অনুমান করা হচ্ছে।

শ্রী পবন জাজোদিয়া চেয়ারম্যান এক্সিবিশন সিটিএমএ বলেন, "এই বছর কেবল টিভি শো ২০২৪ হবে কলকাতার ইতিহাসে সবচেয়ে বড় শো যা ১৯৯৭ সাল থেকে সফলভাবে ২৫ বছর পূর্ণ করেছে যখন এটি কলকাতায় কয়েকটি স্টল এবং অংশগ্রহণকারীদের নিয়ে আয়োজন করা হয়েছিল। আইস স্কেটিং রিঙ্গে শুরু হয়েছিল। তিন দিনব্যাপী বি২বি মেগা শো কলকাতার বিস্তীর্ণ মিলন মেলা প্রাঙ্গণে ৯২ টি স্টল, ৮৫টি প্যাভিলিয়ন এবং ৮০ টির ও বেশি অংশগ্রহণকারী সহ সারা দেশ ও বাংলাদেশ থেকে ৫০,০০০ জনের ও বেশি লোকের উপস্থিতির সাক্ষী হবে বলে আশা করা হচ্ছে।"

এই তিন দিনব্যাপী বি২বি মেগা ইভেন্টের আয়োজন করেছে কলকাতা ভিত্তিক কেবল টিভি ইকুইপমেন্ট ট্রেডার্স অ্যান্ড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (সিটিএমএ)। একই সময়ে, এটি দেশের কেবল টেলিভিশন সেক্টরের সাথে যুক্ত সমস্ত প্রধান মাল্টি-সিস্টেম অপারেটর (এমএসও) এবং ব্র্যান্ডগুলিকে আকর্ষণ করে। এই তিন দিনে সর্বশেষ প্রযুক্তি, পণ্য, সমাধান এবং পরিষেবাগুলি প্রদর্শন করা হবে।

শ্রী কে কে বিনানী, সেক্রেটারি, সিটিএমএ বলেন, "সিটিএমএ গত ৩০ বছর ধরে পূর্বাঞ্চলে কেবল টেলিভিশন সেক্টরের কণ্ঠস্বর। যেহেতু সরকার তিন দশকের পুরনো কেবল টেলিভিশন নেটওয়ার্ক (নিয়ন্ত্রণ) আইন, ১৯৯৫ প্রতিস্থাপনের জন্য সম্প্রচার পরিষেবা (নিয়ন্ত্রণ) বিল, ২০২৩-এর খসড়া চূড়ান্ত করার দিকে কাজ করছে, তাই ভারতে সিটিএমএ কেবল টেলিভিশন নেটওয়ার্কগুলির ভয়েস এবং দাবিগুলি সরবরাহ প্রকাশ করতে থাকবে।"

১০,০০০-এর বেশি কেবল অপারেটর, এমএসও এবং প্রতিনিধি, ব্যবসায়ী, নির্মাতা, চ্যানেল অংশীদার, পরিবেশক, সম্প্রচারক এবং মাল্টি-সিস্টেম অপারেটর (এমএসও) সারা ভারত এবং বিদেশ থেকে কেবল টিভি শো ২০২৪ পরিদর্শন করবে বলে আশা করা হচ্ছে।

শ্রী রাজেশ দোশি, সভাপতি, সিটিএমএ বলেন, "কেবল টিভি শো, গত কয়েক বছর ধরে, পূর্বাঞ্চলের ক্যাবল অপারেটরদের কাছে সর্বশেষ প্রযুক্তিগত উন্নয়ন এবং তারের টেলিভিশন সেক্টরের পরিবর্তনগুলি প্রদর্শনের গতি বজায় রেখেছে এবং এর পরিধি প্রসারিত করে চলেছে। এবং সার্ক অঞ্চলে এটি তার ধরণের সবচেয়ে বড় শো হয়ে উঠেছে।"

শ্রী রাজেন্দ্র প্রসাদ আগরওয়াল সহ-সভাপতি সিটিএমএ, বলেন, "প্রতিযোগিতা প্রযুক্তির চ্যালেঞ্জ সত্ত্বেও, সিএটিভি সেক্টর বিনোদন এবং শিক্ষামূলক বিষয়বস্তুর পাশাপাশি ইন্টারনেট পরিষেবা প্রদানকারী নতুন গ্রামীণ অঞ্চল গুলিকে কভার করার জন্য তার বৃদ্ধি অব্যাহত রেখেছে । এর সাহায্যে, সিএটিভি নেটওয়ার্ক অস্পৃশ্য গ্রামীণ এলাকায় প্রসারিত করতে এবং ভারতের একটি উল্লেখযোগ্য পরিষেবা প্রদানকারী হিসাবে তার পদচিহ্ন প্রসারিত করার জন্য পরিকাঠামোগত চ্যালেঞ্জগুলি অতিক্রম করেছে।

২৫তম সিএটিভি শো ২০২৪-এ সোনার পৃষ্ঠপোষক হিসেবে অ্যালায়েন্স ব্রডব্যান্ড এবং মেঘবালা ব্রডব্যান্ড রয়েছে; এমআরএমপিএল, এস জি বেলডন, SyRotech এবং বিশ নেট সিলভার স্পন্সর হিসেবে; ব্রোঞ্জ স্পন্সর হিসেবে CtrlS, ডিজিসোল, এক্সট্রিম, সিনেট এবং স্টার । শো টি সিটি নেটওয়ার্ক এবং GTPLKCBPL দ্বারা সমর্থিত।




## বাংলার আইন-শৃঙ্খলা নিয়ে আলোচনায় বসলেন দিল্লিতে,

# বেঙ্গল কালচারাল অর্গানাইজেশনের সভাপতি সুরমান আলী মন্ডল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সেক্রেটারি ডি কে সুন্দর ও প্রধানমন্ত্রীর সিকিউরিটি অজিত ডোভাল দুই কেন্দ্রীয় আধিকারিকর আলোচনায় বসে বাংলার জনদরদি দুই নেতা সজ্জে। আইন-শৃঙ্খলা কথোপকথনের মধ্যে উঠে আছে বাংলার আইনশৃঙ্খলা বিষয়। বাংলা থেকে কেন্দ্রীয় দুই আধিকারিকদের সঙ্গে আলোচনায় বসেন বেঙ্গল কালচারাল অর্গানাইজেশনের সভাপতি সুরমান আলী মন্ডল এবং বিভাস অধিকারী অল ইন্ডিয়া আর্য মহাসভার সভাপতি। আগামী দিনে বাংলায় সঠিকভাবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই কাজ করবেন সে দিয়ে আলোচনায় উঠে আসেন।এদিকে বেঙ্গল কালচারের অর্গানাইজেশন সভাপতি সুরমান আলী মন্ডল জানায় দোষীরা যাতে শাস্তি পায় সে বিষয়ে আমরা প্রধানমন্ত্রীর সহযোগিতা চেয়েছি। তিনি এও বলেন সুপ্রিম কোর্টের রায় পরিষ্কার বলা আছে কোন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ থাকলে তাকে আগে জানাতে হবে। তিনি কোন উত্তর না দিলে তারপর গ্রেফতার করা করতে পারেন পুলিশ প্রশাসন।

## আলিশান হোটেল তৃণমূলের 'পার্টি অফিস',

# শুক্রবার এখানেই ছিলেন শাহজাহান?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাড়ি শুধু নয়, ধামাখালির লঞ্চ ঘাটের কাছে থাকা হোটেলেও চব্বিশ ঘণ্টার মধ্যে কার্যত পরিত্যক্ত সম্পত্তি! ধামাখালির হোটেল একই সঙ্গে দলীয় কার্যালয়। সূত্রের খবর, নিয়মিত তৃণমূলের বৈঠকের কাজে সেই হোটেল ব্যবহার করতেন শেখ শাহজাহান। স্থানীয় সূত্রের খবর, শুক্রবার দীর্ঘক্ষণ সেখানেই ছিলেন তৃণমুলের দাপুটে নেতা।যদিও স্থানীয় সূত্রে খবর, এখানে শেখ শাহজাহানের নিয়মিত যাতায়াত ছিল। কিন্তু, শুক্রবারের ঘটনার পর থেকে একটা গোটা হোটেল যেভাবে শুনশান হয়ে গিয়েছে সেটাই সবথেকে তাতপর্যপূর্ণ বলে মত ওয়াকিবহাল মহলের। এই ছবিই অনেক প্রশ্নের উত্তর দিয়ে দিচ্ছে বলে মত অনেকের। সূত্রের খবর, শাহজাহানের নামেই সরবেড়িয়ায় রয়েছে একটি আস্ত বাজার। সেই বাজারও এখন খবরের শিরোনামে। সূত্রের খবর, সরবেড়িয়ায় মাছের আড়ত, একাধিক ইট ভাটা, ফিস প্রসেসিং প্ল্যান্টের 'মালিকও' এই শাহজাহান।

শনিবার সেই হোটেলই পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। গেটে তালা। কলাপসিবল গেট টানা। সুন্দরবন ঘুরতে এসে ওই হোটেলে কোনও পর্যবেক্ষক থাকতে চাইলে, থাকতে পারবেন না। শনিবার শেখ শাজাহানের সব ঠিকানাতেই কার্যত পলায়নের ছাপ।

ওই হোটেলে গেলে রিশেপশনে কারও দেখা মিলল না। গেটে ঝুলছে দলীয় পতাকা। একটি গাড়ি রয়েছে। তারমধ্যেয়ও

এরপর ৩ পাতায়




চুক্তিভিত্তিক মার্কেটিং জানার
সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা
সাংবাদিকরা কাগজের সঙ্গে
যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

১-ম পাতার পর

# কোথায় সন্দেশখালির দাপুটে তৃণমূল নেতা শাহজাহান শেখ? লুকআউট নোটিশ জারি করেছে ইডি

বিএসএফ-এরও সাহায্য চেয়েছে ইডির আধিকারিকরা। ইডি সূত্রের খবর, নোটিশটি সমস্ত বিমানবন্দর ও বর্ডার সিকিউরিটি ফোর্সের দফতরে পাঠান হয়েছে। অন্যদিকে বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় বিএসএফ চৌকিগুলিকে সতর্ক থাকতেও বলা হয়েছে। সূত্রের খবর শুক্রবার শাহজাহান শেখের বাড়িতে যখন ইডি আধিকারিক ও কেন্দ্রীয় বাহিনীর জোওয়ানদের আটকে দিয়েছিল স্থানীয় বাসিন্দারা সেই সময় থেকেই এলাকা ছাড়া তৃণমূল নেতা। তারপর থেকেই তার আর কোনও খোঁজ পাওয়া যায়নি।রেশন দুর্নীতি মামলার তদন্তে শুক্রবার তৃণমূল নেতার বাড়িতে যায় ইডির পাঁচ সদস্যের একটি দল। কিন্তু সরবেড়িয়া গ্রামে শাহজাহান শেখের বাড়িতে পৌঁছানোর আগেই ইডি ও কেন্দ্রীয় বাহিনীর সদস্যদের আটকে দেওয়া হয়। ঘিরে ধরে স্থানীয় বাসিন্দারা। যারা নিজেদের শাহজাহানের অনুগামী বলেও দাবি করেছিল। সেই সময় স্থানীয়দের হামলায় আহত হয় ইডির আধিকারিকরা। তাদের ব্যক্তিগত ও অফিসের সম্পত্তির নষ্ট করে দেয় হামলাকারীরা। ভাঙচুর করা হয় গাড়িতেও। যদিও এই সময় পুলিশের দেখা পাওয়া যায়নি।

১-ম পাতার পর

# বাংলায় মার খাওয়া ইডি কর্তা হেনস্থার মুখে পড়েছেন অন্য রাজ্যে

সোমনাথ দত্তের মাথাতেও সেলাই পড়েছে। তাঁরাও ভর্তি রয়েছেন হাসপাতালে। এমনটাই জানা গিয়েছে ইডি সূত্রে।

রাজকুমার ২০১১ ব্যাচের অফিসার। বাড়ি বিহারে। বর্তমানে সহকারী ডিরেক্টর হিসাবে গুয়াহাটিতে কর্মরত। আগে ছিলেন বেঙ্গালুরুতে। ইডি সূত্রে খবর, বছরখানেক আগে দক্ষিণ ভারতের এক মন্ত্রীর সঙ্গে যোগ থাকা কয়েকটি জায়গায় তল্লাশি অভিযানে গিয়ে বাধার মুখে পড়তে হয়েছিল রাজকুমারকে। হেনস্থার শিকারও হতে হয়। যেমনটা শুক্রবার সন্দেশখালির অভিযানে গিয়ে হতে হল। তবে এর আগে কখনও মাথা ফাটেনি রাজকুমারের।

দায়িত্ববান অফিসার হিসাবে সুনাম রয়েছে রাজকুমারের। তাঁর ব্যাচমেট এবং সহকর্মীদের কথায়, এর আগেও তিনি 'পলিটিক্যাল কেস' সামলেছেন। ভাল ভাবেই সামলেছেন। তাই এই সব ঘটনায় তিনি ভেঙে পড়ার মতো মানুষ না বলেই তাঁর সহকর্মীদের মত। রাজকুমারের এক ব্যাচমেট বলেন, "ভিডিয়ো দেখেছি। রাজকুমারের মাথা দিয়ে গলগল করে রক্ত পড়ছিল। তবে ভিডিয়োতে ওর চোখমুখ দেখে বোঝা যাচ্ছে যে, ও ভেঙে পড়েনি। এর আগেও রাজনৈতিক মামলা ভাল ভাবে সামলেছে। ভেঙে পড়ার মতো লোক ও নয়।"

শুক্রবার সকালে সন্দেশখালিতে অভিযানে গিয়েছিলেন রাজকুমার। তার আগের দিন রাতে, অর্থাত বৃহস্পতিবার রাতে তিনি গুয়াহাটি থেকে কলকাতায় আসেন। এর পর ভোরবেলা সহকর্মীদের সঙ্গে তৃণমূল নেতার বাড়িতে অভিযান দিতে সন্দেশখালির উদ্দেশে রওনা দেন।ইডির কথায়, শাহজাহানের বাড়ির দরজা ভিতর থেকে বন্ধ ছিল। অনেক ক্ষণ ধরে ডাকাডাকি করে কারও সাড়া পাওয়া যায়নি। অথচ সেই সময় শাহজাহানের মোবাইলের অবস্থান পরীক্ষা করে দেখা যায়, তিনি নিজের বাড়িতেই রয়েছেন। এর পর কিছুটা নিরুপায় হয়েই কেন্দ্রীয় বাহিনীর সাহায্যে শাহজাহানের বাড়ির দরজা ভাঙার চেষ্টা করেন রাজকুমাররা। কিন্তু ঠিক সেই সময়েই তাঁরা আবিষ্কার করেন প্রায় ৮০০-১০০০ সশস্ত্র গ্রামবাসী ঘিরে ধরেছে তাঁদের। এঁদের কারও হাতে লাঠি, কারও হাতে পাথর কারও হাতে ইট। সে সব নিয়েই ঘটনাস্থলেই ইডির উপর চড়াও হন তাঁরা। জনরোষের মুখে পড়তে হয় রাজকুমারদের। ইট-পাটকেল, লাঠিসোঁটা নিয়ে তাঁদের দিকে তেড়ে আসেন স্থানীয় এবং তৃণমূল নেতা শাহজাহানের অনুগামীরা। তাঁদের মারের চোটে মাথা ফেটেছে রাজকুমারের। তাঁর আরও দুই সহকর্মী তথা ইডি আধিকারিক গুরুতর চোট পেয়েছেন। তাঁরা তিন জনেই এখন সল্টলেকের এক বেসরকারি হাসপাতালে ভর্তি।

১-ম পাতার পর

# ভোট ঘোষণা হলেই এদের রাজ্যছাড়া করব? এবার কাদের হুঁশিয়ারি দিলেন শুভেন্দু

আছেন? তার ফোনে ভাইপোর পি এ নির্দেশ দিয়েছে। পালাও! এই নরেন্দ্র মোদীর এজেন্সি মাটির ভিতর লুকালেও আপনাকে খুঁজে বার করবে। লুক আউট নোটিশ জারি হয়েছে। বাঁচার কোনও রাস্তা নেই'।এর পর পুলিশের একাংশকে হুঁশিয়ারি দিয়ে শুভেন্দু বলেন, 'সৌম্য চ্যাটার্জি, এখন ইন্সপেক্টর বরাবাজার। সন্দেশখালির ওসি ছিল। আমি গত বারে বলে গিয়েছিলাম ৭টা পুলিশ অফিসার এখানে ১৮ সাল থেকে চুরি করছে। আমাদের একাধিক ভাইকে বন্ধুকে খুন করেছে। মেরে দড়ি দিয়ে টাঙিয়েছে। এদের সাইডলাইনে রেখেছে। আপনারা তালিকা করে রাখুন। ভোট ঘোষণার পরে এদের রাজ্যছাড়া করব। এবারের ভোট কেমন হয় শুধু দেখতে থাকুন'।

# মোদির লাক্ষাদ্বীপ সফর নিয়ে বিতর্কে মালদ্বীপ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চিন সফরে যাচ্ছেন মালদ্বীপের নতুন প্রেসিডেন্ট মহম্মদ মুইজ্জু। এই খবরের মধ্যেই শনিবার ভারত-মালদ্বীপ তিক্ততা বাড়ল। শুক্রবার ক্ষমতাসীন প্রগ্রেসিভ পার্টি অফ মালদ্বীপের অন্যতম নেতা জাহিদ রামিজ তীব্র কটাক্ষ করলেন ভারতীয়দের। নেপথ্যে মোদির লাক্ষাদ্বীপ সফরের ঝলমলে ছবি। উল্লেখ্য, মুইজ্জু বরাবরই ভারত বিরোধী। তিনি ক্ষমতায় আসীনও হয়েছেন ভারত বিরোধিতা করে। প্রতিশ্রুতি দিয়েছিলেন ভোটে জিতলে দেশ থেকে সরানো হবে ভারতীয় সেনাকে। তবে এখনও সেখান থেকে ভারতীয় সেনাদের সরানো হয়নি। সোশাল মিডিয়ায় এক ভারতীয় নাগরিকের বিতর্কিত মন্তব্যের পাল্টা দেন জাহিদ। ঠিক কী বলেছেন তিনি? কেন তর্জা?

গত ৪ জানুয়ারি সোশাল মিডিয়ায় লাক্ষাদ্বীপ ভ্রমণের ছবি ও ভিডিও পোস্ট করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি । সমুদ্রদ্বীপের সেই অপূর্ব ছবি দেখে মুগ্ধ হন নেটিজেনরা। সিনহা নামের এক ব্যক্তি সেই ভিডিও এক্স হ্যান্ডেলে পোস্ট করে লেখেন, 'দারুণ পদক্ষেপ! এটা মালদ্বীপের নতুন চিনা পুতুল সরকারের জন্য বড় ধাক্কা। তাছাড়া এর ফলে লাক্ষাদ্বীপে পর্যটন বাড়বে।' এর জবাব ৫ জানুয়ারি জাহিদ লেখেন, 'সত্যিই ভালো পদক্ষেপ। কিন্তু আমাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বীতা করা ভুল হবে। আমরা যে পরিষেবা দিই, তা ওরা কীভাবে দেবে? কীভাবে ওরা এতখানি পরিচ্ছন্ন হবে? চিরকালীন দুর্গন্ধই তো সব থেকে বড় সমস্যা।'ঘুরিয়ে ভারত এবং ভারতীয় অস্বাস্থ্যকর এবং নোংরা বলেছেন মালদ্বীপের শাসক দলের ওই নেতা। স্বভাবতই যা পছন্দ হয়নি ভারতের নেটিজেনদের। তরুণ নেতার বিদ্বেষমূলক মন্তব্যের বিরোধিতা করেছেন তাঁরা। মালদ্বীপকে বয়কট করারও ডাক দিয়েছেন কেউ কেউ। এমনকী তার বদলে পর্যটনস্থল হিসেবে লাক্ষাদ্বীপে ছুটির কাটানোর আহ্বান জানিয়েছেন তাঁরা।

# মেরে মাথা ফাটাল 'শাহজাহান বাহিনী', সেই আক্রান্ত ইডির বিরুদ্ধেই এফ আই আর পুলিশের!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সরবেড়িয়ায় তৃণমূল নেতার বাড়িতে তল্লাশি চালাতে গিয়ে শুক্রবার হামলার মুখে পড়েছিলেন ইডি আধিকারিকরা। অভিযোগ তৃণমূল নেতা শেখ শাহজাহানের অনুগামীদের বিরুদ্ধে। এই ঘটনায় ন্যাজাট থানায় শাহজাহান ও তাঁর অনুগামীদের বিরঃদ্ধে অভিযোগ দায়ের করল ইডি।

এনিয়ে তৃণমূল মুখপাত্র তথা রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের বক্তব্য, 'রাজ্যের কাউকে না জানিয়ে ইডি আধিকারিকরা ওখানে তল্লাশি করতে গিয়েছিলেন। আক্রান্ত হয়েছেন। সেইসময় আপনারা মেল করে সব জানাচ্ছেন। তাহলে কী করে প্রোটেকশন নেওয়া যাবে? আগে থেকে যদি আপনারা জানিয়ে দিতেন, তাহলে কিছুটা সামলানো যেত। তবে সবমিলিয়ে তদন্তকারীদের উপর হামলা একেবারেই কাম্য নয়।'কিন্তু বিনা নোটিসে কেন ইডি শাহজাহানের বাড়িতে ঢুকে তল্লাশি চালিয়েছে, সেই প্রশ্ন তুলে পালটা ইডির বিরুদ্ধে এফআইআর দায়ের করল পুলিশ। এদিকে, সন্দেশখালির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে নবান্ন। সূত্রের খবর, শনিবার দুপুরে সব জেলাশাসককে ভারচুয়াল বৈঠকে ডেকেছেন মুখ্যসচিব বি পি গোপালিকা। শনিবার সকালে ন্যাজাট থানায় শেখ শাহজাহান ও তাঁর অনুগামীদের বিরঃদ্ধে অভিযোগ দায়ের করেছে ইডি। পালটা ইডির বিরুদ্ধে বিনা নোটিসে বাড়িতে ঢুকে হেনস্তার অভিযোগ করল শাহজাহানের পরিবার। ন্যাজাট থানায় অভিযোগ দায়ের করা হয়েছে পাশাপাশি বসিরহাট পুলিশ জেলার তরফে একটি স্বতঃপ্রণোদিত মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে। এনিয়ে সন্দেশখালি কাণ্ডে মোট তিনটি মামলা রুজু হয়েছে বলে খবর। বসিরহাট পুলিশ জেলার পুলিশ সুপারের দপ্তরেও অভিযোগটি ফরওয়ার্ড করা হয়েছে। রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকেও এই ঘটনা নিয়ে অবহিত করা হয়েছে বলে খবর। ঘটনার পর ২৪ ঘণ্টা পেরলেও এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

# অযোধ্যা বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে ঘোষণার প্রস্তাবে সম্মতি দিয়েছে মন্ত্রিসভা এবং এর নামকরণ করা হল "মহর্ষি বাল্মীকি আন্তর্জাতিক বিমানন্দর, অযোধ্যাধাম"

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ অযোধ্যা বিমানন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে ঘোষণার প্রস্তাবে অনুমোদন দেওয়া হয়েছে এবং এর নামকরণ করা হয়েছে "মহর্ষি বাল্মীকি আন্তর্জাতিক বিমানন্দর, অযোধ্যাধাম"। অযোধ্যার আর্থিক সম্ভাবনা এবং বিদেশী তীর্থযাত্রী ও পর্যটকদের জন্য দ্বার খুলে যাওয়ায় আন্তর্জাতিক তীর্থক্ষেত্র হিসেবে এর গুরুত্ব উপলব্ধি করেই অযোধ্যা বিমানবন্দরকে আন্তর্জাতিক মর্যাদাদান বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। রামায়ণের স্রষ্টার প্রতি শ্রদ্ধার নিদর্শন হিসেবে এই বিমানবন্দরের নামকরণ করা হয়েছে "মহর্ষি বাল্মীকি আন্তর্জাতিক বিমানন্দর, অযোধ্যাধাম", যার মাধ্যমে বিমানবন্দরের স্বকীয়তায় সাংস্কৃতিক ছোঁয়া যুক্ত হয়েছে। গভীর সাংস্কৃতিক ঐতিহ্যসম্পন্ন শহর অযোধ্যার কৌশলগত অবস্থান একটি প্রধান অর্থনৈতিক হাব এবং তীর্থক্ষেত্র হয়ে ওঠার সম্ভাবনা রয়েছে। ঐতিহাসিক এই শহরে বিশ্বের বিভিন্ন প্রান্তের তীর্থযাত্রীদের আকর্ষণ করা এবং বাণিজ্যের ক্ষেত্রে এই বিমানবন্দর বিশেষ ভূমিকা নিতে পারে।

# চিঠি চালাচালি করেই যত গন্ডগোল!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শুক্রবার সারাদিন তল্লাশি। আর তারপর মধ্যরাতে রেশন দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত শঙ্কর আঢ্য গ্রেফতার হন। প্রথম থেকেই গুঞ্জন উঠছিল শঙ্কর আঢ্য ছিলেন জ্যোতিপ্রিয় মল্লিক ঘনিষ্ঠ। এরপর ইডিও সেই একই কথা উল্লেখ করে আদালতে। রেশন দুর্নীতি মামলায় জ্যোতিপ্রিয় মল্লিকের বিরঃদ্ধে তদন্তে নামতেই শঙ্করের যোগ পান গোয়েন্দারা।

ইডি জানিয়েছে, কার কাছ থেকে কত টাকা নিতে হবে, কাকে কত টাকা দিতে হবে, তা লেখা ছিল ওই চিঠিতে। একই সঙ্গে লেখা ছিল শঙ্কর সহ আরও অনেকের নাম। ব্যাস! তারপরই শুক্রবার বনগাঁয় পৌঁছে যান গোয়েন্দারা। গ্রেফতার হন শঙ্কর।ইডির দাবি, বালু তাঁর মেয়ে প্রিয়দর্শিনী মল্লিকের সঙ্গে চিঠি চালাচালি করছিলেন। সেই কাগজটিই হাতে পেয়ে যান গোয়েন্দারা। আর তারপরই গ্রেফতার হন শঙ্কর ওরফে ডাকু।

আজ নগর দায়রা আদালতে শুনানি চলছিল শঙ্করের। সেই সময় ইডি দাবি করে, এসএসকেএম হাসপাতাল থেকে শঙ্করের নাম প্রথম জানতে পারেন তাঁরা। হাসপাতালে জ্যোতিপ্রিয় মল্লিকের কেবিন থেকে সিসিটিভি তুলে নেওয়া হয় যেদিন, সেদিনই মেয়ে প্রিয়দর্শিনী দেখা করেন বাবার সঙ্গে। পরবর্তীতে জ্যোতিপ্রিয়র মেয়ের থেকে ওই চিঠি উদ্ধার করা হয়। সেই চিঠি লিখেছিলেন প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় বলে দাবি ইডির। সেখানে লেখা ছিল, 'টাকার প্রয়োজন পড়লে ডাকু আর শাহজাহানের কাছে যাস'। আজ আদালতে সেই চিঠি তুলে ধরা হয় বিচারকের সামনে।

২ পাতার পর

# আলিশান হোটেল তৃণমূলের 'পার্টি অফিস', শুক্রবার এখানেই ছিলেন শাহজাহান?

দলীয় কিছু কার্ড দেখতে পাওয়া গেল। তবে বিষয়টি নিয়ে খুব একটা মুখ খুলতে চাইছেন না স্থানীয় ব্যবসায়ীরা। একজন বললেন, ওনার তো সব জায়গাতেই যাতায়াত ছিল, তবে এখানে আসতেন কিনা ঠিক বলতে পারছি না। আর একজন বলছেন, লোকজন তো ওখানে আসে দেখেছি। শুরু থেকেই ওটাকে এরকম দেখছি। পতাকা ঝুলতেও দেখেছি।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ০০৭ সংখ্যা ০৭ জানুয়ারী, ২০২৪ রবিবার ২১ পৌষ, ১৪৩০

## সম্পাদকীয়

# সন্দেশখালির ঘটনায় চড়ছে রাজনীতির পারদ, জরুরি বৈঠকের ডাক মুখ্যসচিবের

জেলাশাসকদের নিয়ে জরুরি ভিত্তিতে বৈঠক ডাকলেন রাজেয়র মুখ্যসচিব বিপি গোপালিকা। শনিবার দুপুর ৩টেয় জেলাশাসকদের নিয়ে ভার্চুয়াল বৈঠকের ডাক দিয়েছেন মুখ্যসচিব। পাশাপাশি থাকতে পারেন কয়েকটি জেলার পুলিশ সুপারও। সন্দেশখালির ঘটনার পরিপ্রেক্ষিতে এই বৈঠক গুরুত্বপূর্ণ হতে চলেছে বলেই মনে করছে প্রশাসনিক মহল।এলাকায় কেন্দ্রীয় সংস্থার অধিকারিকরা যাতে সুরক্ষিত থাকেন এবং তাঁরা যাতে তদন্ত প্রক্রিয়া এগিয়ে নিয়ে যেতে পারেন সেই কারণেই এলাকায় অবিলম্বে আধা সামরিক বাহিনী মোতায়েন করা প্রয়োজন বলেও অমিত শাহকে লেখা চিঠিতে আবেদন করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। এরপরে শনিবারের এই বৈঠক যথেষ্ট গুরুত্বপূর্ণ বলেই মনে করা হচ্ছে। পাশাপাশি শনিবারের বৈঠকে ভবিষ্যত ক্রেডিট কার্ড, স্টুডেন্ট ক্রেডিট কার্ড সহ বেশ কিছু বিষয় নিয়ে আলোচনার কথাও বলা হয়েছে।উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে তৃণমূল নেতা শাহজাহান শেখের বাড়িতে অভিযানে গিয়ে বেনজির বিক্ষোভের মুখে পড়ে ইডি। মারমুখী জনতার চাপে পিছু হটতে হয় ইডি আধিকারিকদের। এদিন সন্দেশখালির সরবেড়িয়ায় শাহজাহানের বাড়িতে যান ইডি আধিকারিকরা। জানা যায়, তৃণমূল নেতা সেই সময় বাড়ির ভেতরেই ছিলেন। একাধিকবার ডাকাডাকি করলেও কোনও সাড়া মেলেনি। সেই সময় কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা বাড়ির তালা ভাঙতে গেলে উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি।

সন্দেশখালিতে আধা সামরিক বাহিনী মোতায়েন করার আবেদন জানালেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। সন্দেশখালিতে আধা সামরিক বাহিনী মোতায়েন করার আবেদন জানিয়ে সুকান্ত অমিত শাহকে চিঠি লেখেন। তদন্তের দাবি জানিয়ে তৃণমূল নেতা শেখ শাহজাহানের নাম উল্লেখ করে তাঁর চিঠিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে নালিশ জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি।

# কেন্দ্রীয় মন্ত্রিসভা পৃথ্বী বিজ্ঞান মন্ত্রকের সর্বাত্মক প্রকল্প “পৃথ্বী বিজ্ঞান (পৃথ্বী)” অনুমোদন করেছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা পৃথ্বী বিজ্ঞান মন্ত্রকের সর্বাত্মক প্রকল্প “পৃথ্বী বিজ্ঞান (পৃথ্বী)” অনুমোদন করেছে। ৪৭৯৭ কোটি টাকা মূল্যের এই প্রকল্প ২০২১-২৬ সময়কালের মধ্যে রূপায়ণ করা হবে। পাঁচটি চলতি উপ প্রকল্পও এই প্রকল্পের অন্তর্ভুক্ত হবে। এগুলি হল যথাক্রমে পরিবেশ ও জলবায়ু গবেষণা- মডেলিং পর্যবেক্ষণ পদ্ধতি এবং পরিষেবা (এসিআরওএসএস) সমুদ্র পরিষেবা, মডেলিং প্রয়োগ, সম্পদ এবং প্রযুক্তি (ও-এসএমএআরটি) মেরু বিজ্ঞান ও ক্রায়োস্ফিয়ার গবেষণা(পিএসিইআর) ভূ-কম্পন বিদ্যা ও ভূ-বিজ্ঞান(এসএজিই) গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ এবং প্রচার (আরইএসিএইচওইউটি) সর্বাত্মক এই পৃথ্বী প্রকল্পের মূল উদ্দেশ্যগুলি হল পরিবেশ, সমুদ্র, ক্রায়োস্ফিয়ার, ভূ-মন্ডল ক্ষেত্রে দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ বাড়ানো এবং কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হলে তা চিহ্নিত করা। আবহাওয়ার আগাম গতিবিধি নির্ণয়, জলবায়ুগত কোনো বিপর্যয়ের সম্ভাবনা দেখা দিলে সেব্যাপারে অগ্রিম ব্যবস্থা গ্রহণ এছাড়াও মেরু অঞ্চলের সম্পদ নির্ণয় ও নতুন কোনো ঘটনা ঘটলে তার সূত্র নির্ণয় করা। অন্যান্য বিষয়ের পাশাপাশি সাধারণ মানুষকে সমুদ্র উপকূলবর্তী এলাকায় প্রাকৃতিক জলবায়ুগত বিষয় সম্পর্কে আগাম সচেতন করা-ই এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

# সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিংবা কাঁদায় মিশ্রিত স্থান থেকেও তার খাদ্য খুঁজে নিতে পারে। মায়ের সঙ্গে পূজিত হয়ে আমাদের শিক্ষা দিচ্ছে- সবাই যেন সবার অসার বা ভেজাল/অকল্যাণকর পরিহার করে সার বা ভালো কিছু অর্থাৎ নিত্য পরমাত্মাকে গ্রহণ করেন এবং পারমার্থিক জ্ঞান অর্জন করে সুন্দর পথে চলতে পারি। সেই কারনে কী? সরস্বতী দেবীর এক হাতে বীণা। জীবন ছন্দময়। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# নিরাপদ ও পরিবেশ-বান্ধব জীবিকা সুন্দরবনবাসীর জন্য



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



গবেষণাপত্রে সুন্দরবনের নানান সমস্যা সমাধানের এত বিচিত্র, অবাস্তব প্রস্তাব দেখি তাতে কোনও একদিন এমন প্রস্তাব উঠলেও অবাক হব না। মূল বিষয়ে ফিরে আসা যাক। বাস্তবিক, টিকে থাকা সামান্য সুন্দরবনের অমূল্য বাস্তুসংস্থানতন্ত্রকে আমাদের যে কোনও মূল্যে বাঁচিয়ে রাখতেই হবে। সেইসঙ্গে কয়েক শতাব্দী ধরে সুন্দরবনকে ঘিরে থাকা কয়েক লক্ষ মানুষকে দেখাতে হবে বেঁচে থাকার সঠিক দিশা। সে কাজ কঠিন সন্দেহ নেই, তবে অসম্ভব নয়।

চেষ্টা যে হয়নি বা হচ্ছে না তা তো নয়। বনবিভাগ বারবার নানা সতর্কতার কথা বলেছে। যাদের আজও জীবিকার জন্য জঙ্গলে যেতে হয় তাদের বোঝানো হয়েছে কী করণীয়, কী করণীয় নয়। মধু সংগ্রহকারীদের দেওয়া হয়েছে মুখোশ, মাথার পিছন দিকে লাগানোর জন্য। বনবিভাগের লঞ্চ টহল দিচ্ছে, চেষ্টা হচ্ছে অবৈধ প্রবেশ বা সংরক্ষিত অরণ্যে প্রবেশ বন্ধ করার। কিন্তু এই বাৎসরিক মৃত্যুমিছিল প্রমাণ করে যে প্রয়োজনের তুলনায় এইসব ব্যবস্থা পর্যাপ্ত নয়।

সুন্দরবনের এই সমস্যাটিকে একটু গভীরভাবে যদি আমরা পরিসংখ্যান-সহ বিশ্লেষণ করার চেষ্টা করি তা হলে মনে হয় একটি নতুন দিক আমাদের নজরে আসতে পারে।

গত সাড়ে এগারো বছরে (২০১০ থেকে ২০২০ সালের ১২ অগস্ট পর্যন্ত) মোট ১০১ জন বাঘের আক্রমণে মারা গেছেন ভারতীয় সুন্দরবনে। এদের মধ্যে মাছ, কাঁকড়া ধরতে গিয়ে ৯৫ জন, মধু সংগ্রহে গিয়ে চারজন, কাঠ সংগ্রহে গিয়ে একজন এবং একজন কর্তব্যরত বনকর্মী বাঘের আক্রমণে প্রাণ হারিয়েছেন।

এই সময়ে মৃত ব্যক্তিদের বাসস্থানগত শ্রেণিবিভাগেও নজর দিতে হবে। এই পরিসংখ্যান যথেষ্ট চমকে ওঠার মতো। মৃত ১০১ জনের ৫৮ জন গোসাবা ব্লকের বাসিন্দা, বাকিদের মধ্যে ২৪ জন কুলতলি, ১৫ জন বাসন্তী, তিনজন হিঙ্গলগঞ্জ এবং একজন পাথরপ্রতিমা ব্লকের। ব্লকভিত্তিক এই পরিসংখ্যান প্রমাণ করে, অন্তত গত এগারো বছরে এই সমস্যাটি মূলত সুন্দরবনের তিনটি ব্লকের মধ্যে সীমাবদ্ধ। গোসাবা, বাসন্তী, কুলতলি সুন্দরবনের জঙ্গলসংলগ্ন অংশের প্রান্তিক ব্লক। এবার আরও গভীরভাবে দেখলে দেখবেন, যারা দুর্ঘটনার শিকার তারা আসলে কয়েকটি বিশেষ দ্বীপ বা গ্রামের মানুষ। যেমন গোসাবা সাতজেলিয়া দ্বীপের ২৮ জন, বালি দ্বীপের ১৬ জন, গোসাবা দ্বীপের সাতজন, ছোটমোল্লাখালি দ্বীপের চারজন এবং কুমিরমারি দ্বীপের তিনজন গত দশ বছরে মারা গেছেন বাঘের আক্রমণে। অর্থাৎ গত দশ বছরে বাঘের আক্রমণে মৃত মানুষদের এক-চতুর্থাংশ একটি করে দ্বীপের বাসিন্দা। সাতজেলিয়া গোসাবা ব্লকের বৃহত্তম এবং প্রান্তিক দ্বীপ। এই দ্বীপের শুধুমাত্র লাহিড়ীপুর গ্রাম থেকেই আটজন মারা গেছেন বাঘের আক্রমণে। একইভাবে কুলতলি ব্লকের ২৪ জন মৃত ব্যক্তির মধ্যে দশজনই দেউলবাড়ির বাসিন্দা। বাসন্তী ব্লকের প্রাণ হারানো ১৫ জনের মধ্যে ছ'জন ত্রিদিবনগরের এবং ছ'জন ঝড়খালির বাসিন্দা। অর্থাৎ আমরা যদি এই সমস্যার গভীরে যেতে চাই তা হলে শুধু কয়েকটি গ্রামকে এই সমস্যার কেন্দ্রবিন্দু হিসেবে চিহ্নিত করে ফেলা যায়। এমনকি, ভাবলে অবাক হতে হয়, এমন অনেক পরিবার আছে যেখানে দুই বা তারও বেশি মানুষ বাঘের আক্রমণে প্রাণ হারিয়েছেন।সুন্দরবনের যে জঙ্গলগুলিতে গিয়ে দুর্ঘটনাগুলি বেশিরভাগ ঘটছে সেগুলোর দিকে একটু নজর দেওয়া দরকার। এ বছর ষোলোটি দুর্ঘটনার পাঁচটি ঘটেছে ঝিলা সংরক্ষিত অরণ্যে এবং চারটি পিরখালি সংরক্ষিত অরণ্যে। মানচিত্রে অরণ্যদুটির অবস্থান লক্ষ করলে দেখবেন সাতজেলিয়া, গোসাবা, বালি দ্বীপগুলি এই জঙ্গলের একেবারে গায়ে। অন্যদিকে কুলতলি ব্লকের দেউলবাড়ি গ্রামে পূর্ব দিকে মাতলা পেরোলেই হেড়োভাঙা সংরক্ষিত অরণ্য। ওই ব্লকেরই কিশোরীমোহনপুর বা নগেনাবাদ সংলগ্ন আজমলমারি সংরক্ষিত অরণ্য। এই দুটি জঙ্গল থেকেও প্রায়ই দুর্ঘটনার সংবাদ আসে। এ কথা স্পষ্টভাবে বোঝা দরকার, এই সমস্যা সমাধানের জন্য একটি সুষ্ঠু পরিকল্পনা প্রয়োজন এবং সেজন্য প্রথম প্রয়োজন মানচিত্রে সমস্যাসংকুল অংশটিকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা।

মৃত্যুর আশঙ্কা আছে জেনেও মানুষ বারবার জঙ্গলে যাচ্ছে কেন? সহজ এবং এককথায় সঠিক উত্তর, পেটের দায়ে। কৃষি ছাড়া অন্য বিকল্প জীবিকা আজও অধরাই থেকে গেছে সুন্দরবনে। কৃষিজ ফসলের উপাদানও প্রায়ই নোনাজলের বন্যায় ক্ষতিগ্রস্ত হচ্ছে। আয়লা, বুলবুল, উমফানের মতো বিপর্যয় এই সংকটকে আরও গভীর করেছে। অন্য কাজের অভাব মানুষকে বাধ্য করছে জঙ্গলমুখী হতে।

আরও একবার প্রথমে উল্লেখ করা পরিসংখ্যানের দিকে তাকালে একটি বিষয় বুঝতে পারি, মধু সংগ্রহে গিয়ে মৃত্যুর ঘটনা শেষ দশ বছরের অনেকটাই কমেছে। বস্তুত, যারা মধু সংগ্রহে যান তারা এখন কিছুটা সংগঠিতভাবে যাওয়ার চেষ্টা করেন। সরকারি অনুমতিপত্র ছাড়া মধু সংগ্রহে গভীর জঙ্গলে ঢোকার প্রবণতাও খানিকটা কমেছে।

গত সাড়ে দশ বছরে যারা বাঘের আক্রমণে প্রাণ হারিয়েছেন তাদের ৯০ শতাংশ মাছ, কাঁকড়া ধরতে জঙ্গলে ঢুকেছিলেন। মৃত্যুর হাতছানি যেন কিছুতেই এড়ানো যায় না। সম্প্রতি ঝিলার জঙ্গলে বাঘের আক্রমণে নিখোঁজ এক কাঁকড়া-শিকারীর দেহ পরের দিন গ্রাম থেকে যাওয়া উদ্ধারকারী দল যখন বের করে আনছিল তখন তাদের মুখ থেকে বেরিয়ে আসা ভয়ার্ত চিৎকারের কয়েক সেকেন্ডের ভিডিও এসে পৌঁছেছিল আমার কাছে। দেখতে দেখতে দুটি ভিন্ন চিন্তা মাথায় ঘুরছিল। পিছন থেকে বাঘ যদি পুনরায় আঘাত করতে আসে সেই আতঙ্কে ভীত হয়ে চিৎকার করছিলেন গ্রামবাসীরা। তাদের সেই ভয়ার্ত চীৎকার শিড়দাঁড়ায় শিহরণ বয়ে আনে। অন্যদিকে ভাবছিলাম, পৃথিবীর এক বিরল বৈশিষ্ট্যসম্পন্ন জঙ্গলে মানুষের এই ভয়ঙ্কর চিৎকার কতটা বিরূপ প্রভাব ফেলতে পারে। আবার এই লেখার শুরুতে ফিরে যেতে যেতে ভাবি, সুন্দরবনের বাস্তুসংস্থানতন্ত্র যা কিনা বৃহত্তর অর্থে গোটা দক্ষিণবঙ্গকে বাঁচিয়ে রেখেছে তার আয়ু আর কত দিন?

সুন্দরবনকে ঘিরে থাকা অসংখ্য মানুষকে নিয়ে সুন্দরবনের বাস্তুসংস্থানতন্ত্রকে বাঁচাতে গেলে অবশ্যই ভাবতে হবে বিকল্প জীবিকার কথা। আয়লা সুন্দরবনের বহু মানুষকে ঘরছাড়া করেছিল, কোভিড তাদের অনেককেই ঘরে ফিরে আসতে বাধ্য করেছে। তারা কি শুধু একশো দিনের কাজ আর বিনামূল্যে রেশন পেলেই সুস্থ স্বাভাবিক জীবন কাটাতে পারবেন? নিশ্চয়ই নয়।

বিকল্প জীবিকার কথা বহুদিন থেকেই বিশেষজ্ঞরা বলে আসছেন। নানা চেষ্টাও হচ্ছে সরকারি ও বেসরকারি স্তরে। তবে খুব বেশি সুফল মিলছে না। আসলে প্রত্যন্ত সুন্দরবনের এইসব মানুষকে জল-জঙ্গল বাদ দিয়ে অন্য যে জীবিকার দিকেই ঠেলা হোক তারা কিন্তু আগ্রহ হারিয়ে ফেলছেন। কেরলে রাজমিস্ত্রির সাহায্যকারী হিসেবে দৈনিক ছশো টাকা উপার্জনকারী পাথরপ্রতিমার পরিযায়ী শ্রমিক অবলীলায় ইলিশ মাছের ট্রলারে বঙ্গোপসাগরের গভীরে ঘুরছেন, এ তো নিজের চোখেই দেখছি। কাজেই জল-জঙ্গল যাদের রক্তের নেশা তাদের তা

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## মাধুরীর রাজনীতিতে যোগদানের গুঞ্জন



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বলিউডের অন্যতম জনপ্রিয় তারকা মাধুরী দীক্ষিত। নান্দনিক অভিনয় ও সুনিপুণ নৃত্যের জন্য তিনি দর্শকদের কাছে বেশি প্রিয়। জানা গেছে, মাধুরী দীক্ষিত নাকি রাজনীতিতে যোগ দিতে যাচ্ছেন।

মাসখানেক আগে শোনা যায়, ভারতের ২০২৪ সালের লোকসভা নির্বাচনে লড়তে যাচ্ছে বলিউডের এ তারকা। এ প্রসঙ্গে সম্প্রতি এক সাক্ষাৎকারে মুখ খোলেন তিনি।

সম্প্রতি মাধুরী দীক্ষিত এবং তার স্বামী ডাক্তার শ্রীরাম নেনে একটি সাক্ষাৎকারে রাজনীতি সংক্রান্ত প্রশ্নের মুখোমুখি হন। রাজনীতিতে দেখা যাবে মাধুরীকে এমন প্রশ্ন করা হলে তিনি জানান, রাজনীতিতে তার কোনো আগ্রহ নেই। মাধুরী বিষয়টি অনেকটা বিরক্ত বলে কোনো কোনো সূত্রে জানা গেছে।

মাধুরী আরও জানান, যখনই নির্বাচনের সময় আসে, তখনই তাকে নিয়ে এ ধরনের গুজব ছড়ানো হয়। এ সাক্ষাৎকারেই মাধুরী দীক্ষিতের স্বামী ডাক্তার শ্রীরাম নেনে বলেন, 'আমরা প্রত্যেককে সমর্থন করি, আমরা নিরপেক্ষ। কিন্তু কেউ ভালো কাজ করলে তাকে সমর্থন করা উচিত।'

চলতি বছরে গণেশ পূজার সময় ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মুম্বাই আসেন। তারপর থেকেই জল্পনা রটে যায় যে মাধুরী দীক্ষিত এবার রাজনীতিতে যোগ দিচ্ছেন।

মাধুরী যদিও একেবারে নিছক গুজব ও 'গুঞ্জন' বলে উড়িয়ে দিয়েছেন। তিনি সবাইকে আরও অনুরোধ করেন যে, তাকে নিয়ে এ গুজব ছড়ানো যেন বন্ধ করা হয়। সব মিলিয়ে এতে তিনি অনেকটা বিরক্ত।

তারকাদের রাজনীতিতে যোগদান যদিও নতুন কোনো ঘটনা নয়। কিন্তু মাধুরী এ প্রসঙ্গে বলেন, 'আমার রাজনীতিতে প্রবেশের সম্ভাবনা সম্পর্কে যে আলোচনা হচ্ছে তা আমি জানি। কিন্তু এসব নিছকই রটনা। কোনো রাজনৈতিক দলের হয়ে ভোটে লড়ার কোনোরকম ইচ্ছাই আমার নেই।'

বলিউডের প্রিয়মুখ মাধুরী দীক্ষিতকে সবশেষ দেখা গেছে প্রাইম ভিডিওর 'মাজা মা' সিনেমায়। এখন আর আগে মতো সিনেমায় তার ব্যস্ততা নেই।

## শিখর পাহাড়িয়ার সঙ্গে প্রেম করছেন জাহ্নবী





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী জাহ্নবী কাপুর আর মহারাষ্ট্রের সাবেক মুখ্যমন্ত্রী সুশীল কুমার শিন্ডের নাতি শিখর পাহাড়িয়ার প্রেম নাকি বহু পুরোনো। মাঝে তাদের সম্পর্কের পারদ নিচে নেমে গিয়েছিল। এরপর শ্রীদেবীর মৃত্যুর পর আবার কাছাকাছি আসেন তারা। এরপর আড়ালে-আবডালে লুকিয়ে চলছিল প্রেম। তবে গেল বছরের শুরু থেকে সাহসী হয়ে ওঠেন জাহ্নবী। তিরুপতির মন্দির কিংবা মণীশ মালহোত্রার বাড়ির পার্টি সবজায়গায় প্রেমিককে নিয়ে গেছেন। কিন্তু কখনও মুখে বলেননি। এবার 'কফি উইথ করণ' অনুষ্ঠানে শিখরের সঙ্গে প্রেমের কথা স্বীকার করলেন জাহ্নবী। করণ জোহরের এ আয়োজনে এসেতারকারা তাদের মনের কথা খোলাখুলি বলে থাকেন বা ইঙ্গিত দিয়ে থাকেন। অনুষ্ঠানটির অষ্টম সিজনে অতিথি হিসেবে উপস্থিত হন শ্রীদেবীর দুই কন্যা জাহ্নবী ও খুশি কাপুর। সেখানেই করণ জাহ্নবীর কাছে জানতে চান, তাঁর ফোনের 'স্পিড ডায়াল'-এ কারা রয়েছেন। অর্থাৎ, তাড়াহুড়ার সময় বা বিপদে পড়লে বা ঘন ঘন কাদের ফোন করেন? উত্তরে জাহ্নবী বলেন, 'পাপা, খুশু আর শিখু' মানে বাবা বনি কাপুর, বোন খুশি এবং চর্চিত প্রেমিক শিখর। প্রেমিককে দেওয়া আদুরে নাম শুনেই বোঝা যায় তাদের সম্পর্ক কতটা গভীর! জাহ্নবী বরাবরই প্রেমের বিষয়ে একটু লাজুক। তবে এবার বিয়ের সানাই বাজবে বলেই হয়তো তিনি আরেকটু খোলাখুলি শিখরকে নিয়ে কথা বলছেন বিভিন্ন মহলে।

## শুটিংয়ে আহত অঙ্কুশ এখন কেমন আছেন?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** টালিউডের জনপ্রিয় নায়ক অঙ্কুশ হাজরা নতুন বছরের প্রথম দিনেই মন খারাপের খবর দিয়েছেন। অঙ্কুশ ইনস্টাগ্রামে একটি ছবি পোস্ট করেন। পোস্ট করা ছবিতে দেখা যায়, অভিনেতা বিছানায় শুয়ে ক্যামেরার দিকে তাকিয়ে রয়েছেন। তার ডান হাঁটুতে 'নি ক্যাপ' লাগানো। বোঝাই যাচ্ছে, হাঁটুতে চোট পেয়েছেন।

অঙ্কুশ তার পোস্টে এর কারণও জানিয়েছেন। এ মুহূর্তে তার প্রযোজিত প্রথম সিনেমা 'মির্জা'র শুটিংয়ে ব্যস্ত অঙ্কুশ। শুটিং ফ্লোরে অ্যাকশন দৃশ্যের জন্য স্টান্ট করতে গিয়ে চোট পেয়েছেন তিনি।

অঙ্কুশ তার পোস্টে লিখেছেন, "২০২৪ সালটা মনে হচ্ছে আমার জন্য এ রকমই কাটবে। 'মির্জা'র স্টান্ট করতে গিয়ে গুরুতর চোট পেয়েছি। অসহ্য ব্যথা, কিন্তু তবুও এই বছরটা আমার কাছে বিশেষ জায়গা দখল করে থাকবে।'



কারণ চলতি বছরে 'মির্জা'ই হতে চলেছে অঙ্কুশের প্রথম সিনেমা। এ প্রসঙ্গে অঙ্কুশ লিখেছেন, 'এই সিনেমার জন্য আমি নিজের রক্ত এবং ঘাম ঝরাতে রাজি। আপনাদের আশীর্বাদ চাই।'

৩১ ডিসেম্বর বছরের শেষ দিনে চোট পেয়েছেন অঙ্কুশ। সোমবার ভারতীয় একটি গণমাধ্যমকে তিনি বললেন, 'কেবল নিয়ে অ্যাকশন দৃশ্যের শুটিং করতে গিয়ে মালাইচাকিতে চোট পেয়েছি।'

পাশাপাশি তিনি আরও বলেছেন, 'ছয় বছর পর অ্যাকশন সিনেমা করছি। তাই অভ্যাস নেই বলেই চোট লেগেছে। এখন তো বাণিজ্যিক অ্যাকশন সিনেমা আর সেইভাবে তৈরি হয় না। 'মির্জা'র শুটিং করতে গিয়ে হাড়ে হাড়ে টের পাচ্ছি যে, কেন তৈরি হয় না।'

শত সমস্যা হলেও কোনোভাবেই ভেঙে পড়তে রাজি নন অঙ্কুশ। নিজের প্রযোজনার প্রথম সিনেমা বলেই তিনি পরিশ্রম করতে কিছুই মনে করছেন না।

এদিকে অঙ্কুশের আহত হওয়ার খবর প্রকাশিত হলে ভক্তরা তার বর্তমান অবস্থা জানার জন্য অধীর আগ্রহে আছেন। জানা গেছে, আগামী এক সপ্তাহ চিকিৎসক অঙ্কুশকে বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন। সেরে উঠেই সিনেমার পরবর্তী শিডিউলের শুটিং শুরু করবেন অভিনেতা। অঙ্কুশের আহত হওয়ার খবর জানতেই অনুরাগীরা সোশ্যাল মিডিয়ায় দ্রুত সুস্থতা কামনা করছেন।

জানা গেছে, অঙ্কুশ ছাড়াও 'মির্জা' সিনেমায় অভিনয় করছেন ঐন্দ্রিলা সেন, কৌশিক গঙ্গোপাধ্যায়, ঋষি কৌশিক প্রমুখ। চলতি বছর ঈদে সিনেমাটি মুক্তির কথা রয়েছে।

## শাকিবের পর ইধিকা এবার দেবের নায়িকা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বছরের প্রথম দিনই জানা গিয়েছিল দেবের নতুন ছবিতে থাকছেন শাকিব খানের 'প্রিয়তমা' ছবির নায়িকা ইধিকা পাল। ছবির নাম 'খাদান'। কিন্তু সবকিছু চূড়ান্ত হওয়ার পরেও খবরটি আড়ালেই রেখেছিলেন অভিনেত্রী। দেবের মতো অভিনেতার বিপরীতে সুযোগ পেয়ে উচ্ছ্বসিত ইধিকা। বললেন, 'খুব ভাল লাগছে। আমি নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করব। তার সঙ্গে চাই আগের মতো এ বারেও যেন দর্শক আমার পাশে থাকেন।'

এর আগে সোহম চক্রবর্তীর সঙ্গে টলিউডে একটি ছবির শুটিং শুরু করেছিলেন ইধিকা। সেই ছবির শুটিং এখনও বাকি রয়েছে। সেদিক থেকে 'খাদান' হতে চলেছে টালিউডে তার সিনেমা।

ঢালিউড সুপারস্টার শাকিব খানের সঙ্গে জুটি বেঁধে 'প্রিয়তমা' ছবিতে অভিনয় করেছেন ইধিকা। ঢালিউডের 'কবি' নামের একটি ছবিতে শরিফুল রাজের বিপরীতে অভিনয় করছেন তিনি। এরপরই যুক্ত হলেন দেবের সিনেমায়। আপাতত 'খাদান'র প্রস্তুতি জোরকদমে শুরু করেছেন ইধিকা।

## ভারত টেস্টে

# 'ওভাররেটেড', টি-টোয়েন্টিতে আরও বেশি: শ্রীকান্ত



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজের প্রথম টেস্ট ম্যাচে গোহারা হারের পর মুখ পুড়েছে ভারতীয় ক্রিকেট দলের। সাবেক ক্রিকেটারদের কেউ কেউ তীব্র সমালোচনায় মাতছেন টিম ইন্ডিয়ার।

তাদের মধ্যে ভারতের ১৯৮৩ বিশ্বকাপজয়ী দলের সদস্য কৃষ্ণমাচারী শ্রীকান্ত। তার মতে, টেস্টে ভারতের বর্তমান দলটি 'ওভাররেটেড'; টি-টোয়েন্টিতে 'হাইলি ওভাররেটেড'। সেঞ্চুরিয়নে মাত্র তিন দিনেই প্রোটিয়াদের কাছে ইনিংস ও ৩২ রানে হারের এই ধাক্কা এখনও কাটিয়ে উঠতে পারেনি ভারত। তাই ঘুরেফিরে আলোচনায় আসছে লজ্জাজনক অধ্যায়টি।

প্রথম টেস্ট নিয়ে নিজের ইউটিউব চ্যানেলে কথা বলতে গিয়ে ভারতীয় দলকে সমালোচনায় বিঁধেছেন শ্রীকান্ত। টেস্ট ক্রিকেটে ভারতীয় দলকে 'যোগ্যতার যেয়ে বেশি মূল্যায়ন' করা হয় বলে মত তার। তিনি দাবি করেন, ভারতীয় দলে যোগ্যরা জায়গা পাচ্ছেন না, কিন্তু কম পারফর্ম করেও কেউ কেউ দলে সুযোগ পাচ্ছেন। তবে তার চোখে ওয়ানডেতে ভারত বেশ শক্তিশালী। তিনি বলেন, 'টি-টোয়েন্টিতে ভারত অনেক বেশি ওভাররেটেড। ওয়ানডেতে, আমরা দারুণ দল। ওয়ানডেতে (বিশ্বকাপের) সেমিফাইনালে, ফাইনালে যা হয়েছে; সেটা শুধুই একটা ম্যাচের ব্যাপার।'

'এটা ভাগ্যের ব্যাপার। এধরনের ম্যাচগুলোতে ভাগ্য অনেক বড় ভূমিকা পালন করে। রোহিত শর্মার (ভারতীয় দলের অধিনায়ক) বিবৃতি পড়েছি, একজন ক্রিকেটারের জন্য, ওয়ানডে বিশ্বকাপ অনেক বড় অর্জন। নকআউট পর্বে, বিশেষ করে সেমিফাইনাল ও ফাইনালে আমরা মাঝে মাঝে ঠিকভাবে পারফর্ম করতে পারি না। তবে ওয়ানডেতে আমরা অনেক শক্তিশালী দল; সেটা ভারতের মাটিতে হোক, কিংবা অস্ট্রেলিয়া বা দক্ষিণ আফ্রিকায়।'

শ্রীকান্তের মতে, বিরাট কোহলির অধিনায়কত্বে ভারত টেস্টে ভালো দল ছিল, কিন্তু এরপর থেকে দলটি অতীতের অর্জনে ভর করেই চলছে। তিনি বলেন, 'টেস্ট ক্রিকেটে, আমরা ওভাররেটেড। আমি মনে করি, ২-৩ বছরের মতো সময়ে...যখন কোহলি দলের অধিনায়ক ছিল, আমরা দারুণ দল ছিলাম। আমরা ইংল্যান্ডে জিতে এসেছি, দক্ষিণ আফ্রিকায় ভালো লড়াই করেছি, অস্ট্রেলিয়ায় জিতেছি। ২-৪ বছর খুব ভালো গেছে।'

তিন ফরম্যাটেই র‍্যাংকিংয়ের শীর্ষে ২০২৩ সাল পার করেছে ভারত। কিন্তু আইসিসির কোনো টুর্নামেন্ট জিততে পারেনি। ২০২৩ টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে উঠলেও হেরে যায়। এরপর অস্ট্রেলিয়ার কাছে হারে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপের ফাইনালে। গত বছর শুধু এশিয়া কাপের শিরোপাই ঘরে তুলতে পেরেছে রোহিত-বাহিনী। শ্রীকান্তের মতে, ভারতের এখন র‍্যাংকিংয়ের কথা ভুলে যেতে হবে। তার চোখে দলের কয়েকজন খেলোয়াড়ও আছেন যারা 'ওভাররেটেড', বরং কয়েকজন যোগ্য খেলোয়াড় দলের বাইরে রয়ে গেছেন। তিনি বলেন, 'আমাদের আইসিসি র‍্যাংকিংয়ের কথা ভুলে যেতে হবে। আমরা সবসময় ১-২ এর মধ্যেই থাকি। এটা এমন একটা দল যেখানে ওভাররেটেড খেলোয়াড় আছে যারা প্রত্যাশা পূরণে ব্যর্থ। এখানে কুলদিপ যাদবের মতো খেলোয়াড় যথেষ্ট সুযোগ পায় না।'

প্রথম টেস্ট হেরে যাওয়ার পর অধিনায়ক রোহিত বলেছিলেন, বিদেশের মাটিতে ভারত ভালো করে এসেছে এবং কীভাবে বিদেশে টেস্ট জিততে হয়, তা দলটির জানা আছে। কিন্তু শ্রীকান্ত মনে করিয়ে দেন, ওইসব জয় ১৮ মাস আগের কথা এবং এখন আর সবকিছু আগের মতো নেই। শ্রীকান্ত বলেন, 'সেরা দল হতে চাইলে, বড় দলগুলোকে তাদের মাটিতেই হারাতে হবে। ঋষভ পন্থ যখন ফর্মে ছিল, আমরা তেমনটাই করতে পেরেছি। কিন্তু আপনি হয়তো বলতে পারেন, আমরা অস্ট্রেলিয়ায় রান করেছি, ইংল্যান্ডের রান করেছি। আপনি একই গান বারবার গাইতে পারেন, কিন্তু অতীতের সাফল্যে গদগদ হলে এগোতে পারবেন না। গত দুই বছরে কিংবা ১৮ মাসে আমরা কেমন পারফর্ম করেছি সেদিকে তাকাতে হবে।'

## টেস্ট ক্রিকেট টিকিয়ে রাখতে

# কী বলছেন কামিন্স-রোহিত



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ফেব্রুয়ারির শুরুতে দুটি টেস্ট খেলতে নিউজিল্যান্ড সফর করবে দক্ষিণ আফ্রিকা। কিন্তু এই সফরের সূচি দেশটির ফ্র্যাঞ্চাইজি টি-টোয়েন্টি লিগের সঙ্গে সাংঘর্ষিক।

যেখানে রয়েছে অর্থের ঝনঝানানি। যা ছেড়ে আন্তর্জাতিক ক্রিকেট খেলতে অনীহার উদাহরণ বেড়েই চলছে। ঠিক এই ক্ষেত্রেও একই ঘটনা ঘটেছে। নিউজিল্যান্ড সফরের জন্য তৃতীয় সারির দল ঘোষণা করেছে দক্ষিণ আফ্রিকা। যেখানে নেই কোনো তারকা ক্রিকেটারের নাম।

দক্ষিণ আফ্রিকার এমন সিদ্ধান্তই টেস্ট ক্রিকেটের ভবিষ্যৎ নিয়ে নতুন করে আলোচনার জন্ম দিল। সাদা পোশাকের সেই আভিজাত্য-রোমাঞ্চের কি অস্ত নামতে শুরু করেছে? অস্ট্রেলিয়া অধিনায়ক প্যাট কামিন্স অবশ্য এমন গেল গেল রবে কান দিচ্ছেন না। টেস্ট ক্রিকেটকে টিকিয়ে রাখতে জাদুকরি সমাধানের আশায় আছেন তিনি।

কামিন্স বলেন, 'আদর্শগতভাবে এটি টিকিয়ে রাখতে গেলে ১৫ থেকে ২০টি টেস্ট খেলুড়ে জাতি থাকবে, যারা সত্যিই শক্তিশালী। আমি জানি, অনেক রকমের ভিন্ন চ্যালেঞ্জ আছে। অস্ট্রেলিয়ায় যে এটি প্রাধান্য পায়, সে কারণে নিজেকে সৌভাগ্যবান মনে করি। যখনোই খেলি, অনেক সমর্থন পাই। আমি জানি না, জাদুকরি সমাধান কী হতে পারে, তবে এমন কিছু থাকলে দারুণ হতো। টেস্ট ক্রিকেটপ্রেমী হিসেবে আমি তো চাইব সবাই টেস্ট ক্রিকেট দেখুক। কিন্তু এ মুহূর্তে ক্রিকেট যতটা শক্তিশালী, আগে কখনো দেখিনি।'

পাকিস্তানের বিপক্ষে কাল সিরিজের তৃতীয় টেস্ট খেলতে নামবে অস্ট্রেলিয়া। সিরিজ শুরুর আগে প্রশ্ন উঠেছিল, টেস্ট অজি ক্রিকেট ভক্তদের আগ্রহ একই থাকবে কি না। কিন্তু মেলবোর্ন টেস্টের প্রথম দুই দিনে লাখো দর্শক দেখার পর সেই প্রশ্ন হাওয়ায় মিলিয়ে যায়।

কামিন্স বলেন, 'আমার আশা, আগামী ১০ বা ২০ বছরে এটি এখনকার চেয়ে আরও শক্তিশালী হয়ে উঠবে। আমার মনে হয়, এবারের টেস্ট মৌসুমের আগে পাকিস্তান ও ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে কিছু প্রশ্ন ও প্রসঙ্গ ছিল। পাকিস্তানের বিপক্ষে দুটি দুর্দান্ত টেস্ট ম্যাচ হয়েছে, অনেক সমর্থন, অনেক দর্শক ছিল।'

কামিন্সের মতে, দক্ষিণ আফ্রিকার সিদ্ধান্ত বিচ্ছিন্ন ঘটনা হয়ে থাকবে। তিনি বলেন, 'ফলে যেভাবে বলা হচ্ছে, এটি যে ততটা নিচের দিকে যাচ্ছে, আমি তা মনে করি না। তবে যে পরিমাণে অন্যান্য ক্রিকেট হচ্ছে, সেখানে একটা ব্যাপার আছে। অবশ্যই অন্য যেকোনো সময়ের চেয়ে মেধার প্রতিযোগিতা এখন অনেক বেশি। আমি বেড়ে উঠেছি টেস্ট ক্রিকেটকে দারুণ ভালোবেসে। আমার মনে হয়, এটি বিভিন্ন পর্যায়ের মধ্য দিয়ে যায়। আমি জানি, দক্ষিণ আফ্রিকা তাদের সেরা দলটি পাঠাচ্ছে না। আশা করি, এটি (বিচ্ছিন্ন) একটা ঘটনা হয়ে থাকবে।'

সেই দক্ষিণ আফ্রিকায় এখন টেস্ট সিরিজ খেলতে ব্যস্ত ভারত। প্রথম ম্যাচ হারের পর দ্বিতীয় ম্যাচে ঘুরে দাঁড়াতে মরিয়া তারা। তা সত্ত্বেও অধিনায়ক রোহিত শর্মা সংবাদ সম্মেলনে উঠে এলো টেস্ট ক্রিকেটের ভবিষ্যৎ প্রসঙ্গ।

রোহিত বলেন, 'টেস্ট ক্রিকেট এমন কিছু যা বাঁচিয়ে রাখতে হবে এবং গুরুত্ব দিতে হবে। এটি একটি বা দুটি দেশের দায়িত্ব নয়। টেস্ট ক্রিকেটকে সুন্দর ও রোমাঞ্চকর রাখা যায় কি না, তা নিশ্চিত করা সব টেস্ট খেলুড়ে দেশেরই দায়িত্ব। 'সারা বিশ্বের দিকে যদি তাকান, তাহলে দেখবেন শেষ দুই-তিন বছরে প্রচুর ভালো মানের টেস্ট ক্রিকেট খেলা হচ্ছে। সব জায়গায় দেখবেন রেজাল্ট হচ্ছে। এটি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ক্রিকেট, আমরা জানি। এটি যেন সুন্দর, উপভোগ্য ও প্রতিযোগিতামূলক থাকে নিশ্চিত করা সবার দায়িত্ব। দিনশেষে মানুষ সেটার জন্যই খেলা দেখতে আসতে চায়।'

# ১৫ ম্যাচ পরই বরখাস্ত হলেন রুনি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ১৫ ম্যাচের ভেতর ৯টিতেই হার। আর তাতেই কপাল পুড়ল ওয়েইন রুনির।

কোচ হিসেবে বার্মিংহাম সিটির দায়িত্ব নেওয়ার ৮৩ দিনের মাথায় চাকরি হারালেন সাবেক এই ইংলিশ ফরোয়ার্ড।

চাকরি হারানোর ধাক্কাটা বেশ জোরেসরেই লেগেছে রুনির কাছে। প্রতিক্রিয়ায় তিনি বলেন, 'আমি টম ওয়েঙ্গার, টম বার্ডি এবং গ্যারি কুককে (ক্লাবের শীর্ষ কর্মকর্তা) বার্মিংহামের কোচ হওয়ার সুযোগ দেওয়ার জন্য ধন্যবাদ জানাতে চাই। ক্লাবে স্বল্প সময়ে দায়িত্ব পালনকালে তাঁরা আমাকে সর্বোচ্চ সহযোগিতা করেছেন।'

'একজন ম্যানেজারের জন্য সবচেয়ে প্রয়োজনীয় জিনিস হলো সময়। আমি বিশ্বাস করি না যে, প্রয়োজনীয় পরিবর্তনগুলোর তদারকি করার জন্য ১৩ সপ্তাহ সময় যথেষ্ট ছিল। ব্যক্তিগতভাবে এই ধাক্কা কাটিয়ে উঠতে আমার কিছুটা সময় লাগবে। খেলোয়াড় হোক বা ম্যানেজার-১৬ বছর বয়স থেকে আমি পেশাদার ফুটবলের সঙ্গে জড়িত। ম্যানেজার হিসেবে পরবর্তী সুযোগের প্রস্তুতির জন্য এখন আমি আমার পরিবারকে সময় দেওয়ার পরিকল্পনা করেছি।'

রুনি দায়িত্ব নেওয়ার আগে ইংলিশ চ্যাম্পিয়নশিপে বার্মিংহামের অবস্থান ছিল ছয়ে। তা সত্ত্বেও তখনকার কোচ ইউসটাসকে ছাঁটাই করে তারা। কিন্তু লিডস ইউনাইটেডের কাছে গতকাল ৩-০ গোলের হারের পর পয়েন্ট টেবিলের ২০-এ নেমে যায় ক্লাবটি। এমন দুরবস্থার কারণে সমর্থকদের তোপের মুখে পড়েন রুনি। দিনশেষে অল্পসময়েই ছাঁটাই হতে হলো তাকে।

## বিশ্বকাপে সাফল্য পাওয়ায়

# কোচের মেয়াদ বাড়ালো আফগানিস্তান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জোনাথন ট্রটের কোচিংয়ে ভারত বিশ্বকাপে সবাইকে চমকে দেয় আফগানিস্তান। দলের অসাধারণ পারফরম্যান্সের পর ইংলিশ কোচকে লম্বা সময়ের জন্য ধরে রাখতে চায় এশিয়ার দলটি। সেই পথে কিছুটা এগিয়েও গেছে তারা। আফগানদের প্রধান কোচ হিসেবে চুক্তির মেয়াদ বাড়ানোর প্রস্তাবে রাজি হয়েছেন ট্রট।

আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি) এক বিবৃতিতে জানিয়েছে, ২০২৪ সালের পুরোটা আফগানিস্তানের প্রধান কোচের দায়িত্ব পালন করবেন ৪২ বছর বয়সী সাবেক ইংলিশ ব্যাটসম্যান।

২০২২ সালের জুলাইয়ে রাশিদ-নাবিদের প্রধান কোচ হিসেবে যোগ দেন ট্রট। তার কোচিংয়ে দারুণ সব সাফল্য পেয়েছে আফগানিস্তান। ওই বছরের এশিয়া কাপে চমৎকার ক্রিকেট খেলে তারা। পাকিস্তানের বিপক্ষে প্রথমবার কোনো সংস্করণে জয়ের স্বাদ পাওয়ার পাশাপাশি প্রতিবেশীদের সঙ্গে টি-টোয়েন্টি সিরিজও জেতে দলটি। বাংলাদেশের এসে জিতে যায় ওয়ানডে সিরিজ।

ট্রটের কোচিংয়ের কার্যকারিতা ভালোভাবে চোখে পড়ে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে। শিরোপা ধরে রাখার অভিযানে আসা ইংল্যান্ডকে হারানোর পর পাকিস্তান ও শ্রীলঙ্কাকেও হারায় আফগানিস্তান। পরে অস্ট্রেলিয়াকেও কাঁপিয়ে দেয় তারা, সম্ভাবনা জাগায় সেমিফাইনালে খেলার। বিশ্বকাপে এমন পারফরম্যান্সের পর ট্রটকে ধরে রাখতে চাইবে এসিবি, বোঝাই যাচ্ছিল। অবশেষে সেটাই হলো।

২০০৯ থেকে ২০১৫ সাল পর্যন্ত ইংল্যান্ডের হয়ে ৫২ টেস্ট, ৬৮ ওয়ানডে ও ৭টি টি-টোয়েন্টি খেলা ট্রট খেলোয়াড়ি জীবনের ইতি টানেন ২০১৮ সালে। এরপর থেকে কোচিংয়ের সঙ্গেই যুক্ত তিনি। ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপে স্কটল্যান্ডের ব্যাটিং পরামর্শক ছিলেন ট্রট। এছাড়া ব্যাটিং কোচ হিসেবে ইংল্যান্ড পুরুষ জাতীয় দল, ইংল্যান্ড লায়ন্স ও ইংল্যান্ড অনূর্ধ্ব-১৯ দলের সঙ্গে কাজের অভিজ্ঞতা আছে তার।

আফগানিস্তানের প্রধান কোচ হিসেবে যোগ দিয়ে দলটির চেহারাই বদলে দেন তিনি। বিবৃতিতে এসিবি উল্লেখ করেছে, চুক্তির মেয়াদ বাড়াতে পেরে বেশ উচ্ছ্বসিত ট্রট। দলের সঙ্গে আরও সময় কাটানোর জন্য উন্মুখ তিনি। সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে এখন টি-টোয়েন্টি সিরিজ খেলছে আফগানিস্তান। এরপর ভারত সফরে তিনটি টি-টোয়েন্টি খেলার কথা রয়েছে তাদের। আগামী জুনে যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ।

# বার্সায় মেসির জার্সি পেলেন ব্রাজিলিয়ান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৩৫ মিলিয়ন ইউরোর বিনিময়ে লা লিগার ক্লাব বার্সেলোনার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছেন ব্রাজিলের তরুণ ফুটবলার ভিটর রকি ফেরেইরা। এবার ক্যাম্প ন্যুতে নতুন জার্সিও পেয়েছেন ১৮ বছর বয়সী এই ব্রাজিলিয়ান। তাকে আজেন্টাইন তারকা লিওনেল মেসির ১৯ নম্বর জার্সি দিয়েছে বার্সেলোনা।

তবে ক্লাবের ইচ্ছায় নয়; কর্তৃপক্ষকে অনুরোধ করেই জার্সিটি নিয়েছেন ভিটর। কারণ, তিনি যে মেসিভক্ত। তাই মেসির দেখানো পথই অনুসরণ করছেন তরুণ ব্রাজিলিয়ান। বার্সেলোনায় শুরুর দিকে দুটি মৌসুমে ১৯ নম্বর জার্সি পরে খেলেছেন মেসি। এছাড়া আর্জেন্টিনার জাতীয় দলের হয়েও শুরুর দিকে মেসির জার্সি নম্বর ছিল ১৯। যে কারণে চলতি মৌসুমের বাকি ম্যাচগুলো এই ১৯ নম্বর জার্সি পরেই খেলবেন ভিটর।

তবে ২০০৮ সালে ব্রাজিলিয়ান কিংবদন্তি রোনালদিনিও বার্সেলোনা ছেড়ে এসি মিলানে চলে যাওয়ার পর থেকে ১০ নম্বর জার্সি পান মেসি।

বার্সেলোনার হয়ে সবশেষ ১৯ নম্বর জার্সি পরেছিলেন ফ্রাঙ্ক কেসি। সম্প্রতি সময়ে স্প্যানিশ জায়ান্টের হয়ে এই জার্সিটি আরও পরেছেন ফেরেন টরেস, সার্জিও অ্যাগুয়েরো এবং মার্টিন ব্রেইথওয়েট।

বার্সেলোনায় যোগ দেওয়া ভিটর ইতিমধ্যেই দলের সঙ্গে অনুশীলনে নেমেছেন। ২০২৪ সালের প্রথম ম্যাচেই দলে অভিষেক হতে পারে তার। কাতালনিয়ান ক্লাবটি আগামীকাল বৃহস্পতিবার রাত ২ টা ৩০ মিনিটে বছরের প্রথম ম্যাচ খেলতে লাস পালমাসের বিপক্ষে মাঠে নামবে।

বর্তমানে লা লিগার পয়েন্ট টেবিলের চতুর্থ স্থানে রয়েছে বার্সেলোনা। ১৮ ম্যাচে তাদের পয়েন্ট ৩৮। ৪৫ পয়েন্ট নিয়ে সবার শীর্ষে আছে রিয়াল মাদ্রিদ।

## 'পরবর্তী মেসি' খ্যাত

# এচেভেরিকে দলে ভেড়াচ্ছে সিটি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আর্জেন্টিনার তরুণ মিডফিল্ডার ক্লাউদিও এচেভেরিকে ছয় বছরের চুক্তিতে রিভার প্লেট নিজেদের ক্লাবে ভেড়ানোর জন্য সমঝোতায় পৌঁছেছে ইংলিশ ক্লাব ম্যানচেস্টার সিটি। যদিও এখনই সেখানে যাচ্ছেন না এচেভেরি।

ইতালিয়ান সাংবাদিক ফাব্রিসিও রোমানো আজ সামাজিক মাধ্যমে জানান, চুক্তির অংশ হিসেবে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত ধারে রিভার প্লেটেই থাকবেন এচেভেরি। এরপর তিনি যোগ দেবেন সিটিতে। এর আগে একই ক্লাব থেকে আর্জেন্টাইন স্ট্রাইকার হুলিয়ান আলভারেসকে নিজেদের ক্লাবে ভিড়িয়েছেন সিটিজেনরা। ফিফা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপে দারুণ পারফরম্যান্স করায় সবার নজরে এসেছে এচেভেরি। তাকে মনে করা হয় 'পরবর্তী মেসি' হিসেবেও। ওই আসরে কোয়ার্টার-ফাইনালে ব্রাজিলের বিপক্ষে তিনি করেন দারুণ এক হ্যাটট্রিক। আসরে সব মিলিয়ে গোল করেন পাঁচটি। আর্জেন্টিনা বিদায় নেয় সেমি-ফাইনাল থেকে।

## পাঁচ বছরের জন্য

# পিএসজিতে ব্রাজিলিয়ান ডিফেন্ডার বেরাওদু




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** মৌসুমের মাঝামাঝি সময়ে এসে ব্রাজিলিয়ান সেন্টার ব্যাক লুকাস বেরাওদুকে দলে ভিড়িয়েছে প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি)। ব্রাজিলিয়ান ক্লাব সাও পাওলো থেকে প্যারিসে পাড়ি জমিয়েছেন তিনি।

গতকাল এক বিবৃতিতে বেরাওদুকে দলে ভেড়ানোর কথা জানায় পিএসজি। পাঁচ বছরের জন্য তাকে দলে ভেড়ানো হয়েছে বলে জানায় ক্লাবটি। ব্রাজিলিয়ান শীর্ষ লিগে সাও পাওলোর শুরুর একাদশের নিয়মিত সদস্য ছিলেন বেরাওদু। ব্রাজিল অনূর্ধ্ব-২০ দলের হয়েও খেলেছেন তিনি।

এদিকে লিগ ওয়ানে ১৭ ম্যাচে ৪০ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে পিএসজি। দ্বিতীয় স্থানে থাকা নিসের চেয়ে ৫ পয়েন্টে এগিয়ে আছে লুইস এনরিকের দল।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR